

## কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ০৭ (সাত)টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণির গুচ্ছ পদ্ধতিতে ভর্তি বিজ্ঞপ্তি

কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী নিম্নলিখিত বিশ্ববিদ্যালয়সমূহে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের মাধ্যমে ১ম বর্ষ, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু আবেদনকারীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

### ১. বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা

ক্রমিক নং	বিশ্ববিদ্যালয়ের নাম	আসন সংখ্যা
১.	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	১১০৮
২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর	৩৩০
৩.	শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা	৭০০
৪.	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট	৪৩১
৫.	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী	৫৮৭
৬.	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	২৪৫
৭.	খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা	১৫০
সর্বমোট =		৩৫৫১

### ২. আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক)	২০১৬/২০১৭ সালে এসএসসি/ সমমান এবং ২০১৮/২০১৯ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাস করতে হবে।
খ)	এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে চতুর্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৩.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৭.০০ থাকতে হবে। জিসিই O লেভেল এবং A লেভেল পাসকৃত প্রার্থীর ক্ষেত্রে O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে ন্যূনতম B গ্রেড এবং A লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়সমূহের প্রত্যেকটিতে ন্যূনতম B গ্রেড থাকতে হবে। উল্লেখ্য, O লেভেল এবং A লেভেল এর ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে A গ্রেডের জন্য ৫, B গ্রেডের জন্য ৪, C গ্রেডের জন্য ৩.৫ এবং D গ্রেডের জন্য ৩ পয়েন্ট গণ্য করা হবে। আবেদনকারীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে মোট আসন সংখ্যার ১০ (দশ) গুণক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।
গ)	এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জীববিদ্যা, রসায়ন, পদার্থবিজ্ঞান এবং গণিত আলাদা বিষয় হিসেবে থাকতে হবে।

### ৩. আবেদনের সময় ও আবেদন ফি

ক)	অনলাইনে আবেদনের সময়সীমা ১০ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত।
খ)	মোবাইল ব্যাংকিং 'রকেট', 'বিকাশ' অথবা 'শিওরক্যাশ'- এর মাধ্যমে আবেদন ফি ১০০০ (এক হাজার) টাকা প্রদান করতে হবে।

### ৪. লিখিত নির্বাচনী পরীক্ষা

ক)	১০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষা আগামী ৩০ নভেম্বর ২০১৯ তারিখ শনিবার বেলা ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় ব্যতীত একযোগে উল্লিখিত ০৬ (ছয়) টি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।
খ)	উচ্চ মাধ্যমিক পর্যায়ের সর্বশেষ পাঠ্যক্রম অনুসরণে ইংরেজি, জীববিদ্যা, রসায়ন, পদার্থবিজ্ঞান এবং গণিত বিষয়ে Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে লিখিত পরীক্ষার প্রশ্নপত্র বাংলা ও ইংরেজিতে প্রণীত হবে।
গ)	প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ ( শূন্য দশমিক দুই পাঁচ) নম্বর কর্তন করা হবে।

### ৫. মেধা স্কোর

লিখিত পরীক্ষার জন্য ১০০ নম্বর এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় চতুর্থ বিষয় ব্যতীত প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৮ ও ১২ গুণ অর্থাৎ এসএসসি/ সমমান হতে ৪০ নম্বর এবং এইচএসসি/ সমমান হতে ৬০ নম্বর যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধা স্কোর নির্ধারণ করা হবে।

### ৬. ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলি

গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে ([www.admission-agri.org](http://www.admission-agri.org)) ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। উল্লেখ্য, কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত পরিবর্তনের অধিকার রাখে।

প্রফেসর ড. মোঃ আখতার হোসেন

সদস্য, ইউজিসি ও আস্থায়ক

গুচ্ছ পদ্ধতিতে কৃষিবিজ্ঞান বিষয়ক ভর্তি কমিটি ২০১৯-২০২০